

আগামী বছর থেকে কুবির ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে ঢাবি ও চবিতে

মোহাম্মদ জোবাইর হোসাইন, কুবি প্রতিনিধি

প্রকাশিত: ১৮:৩৪, ২৫ এপ্রিল ২০২৫



ছবি: সংগৃহীত



কুমিল্লা বিশ্ববিদ্যালয়ের (কুবি) ২০২৫-২৬ শিক্ষাবর্ষের ভর্তি পরীক্ষা কুমিল্লা বিশ্ববিদ্যালয় কেন্দ্র ছাড়াও ঢাকা বিশ্ববিদ্যালয় ও চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ে অনুষ্ঠিত হবে।



শুক্রবার (২৫ এপ্রিল) কুবির ২০২৪-২৫ শিক্ষাবর্ষের 'বি' ইউনিটের ভর্তি পরীক্ষার পরিদর্শনে
এসে বিষয়টি নিশ্চিত করেন উপাচার্য অধ্যাপক ড. মো. হায়দার আলী।



এই বিষয়ে উপাচার্য অধ্যাপক ড. মো. হায়দার আলী বলেন, পরিক্ষার্থীদের স্বার্থে আগামী বছর থেকে কুমিল্লা বিশ্ববিদ্যালয়ের স্বতন্ত্র পদ্ধতির ভর্তি পরীক্ষা কুমিল্লা বিশ্ববিদ্যালয়ের পাশাপাশি ঢাকা বিশ্ববিদ্যালয় এবং চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ে অনুষ্ঠিত হবে।

প্রসঙ্গত, এবছর গুচ্ছ থেকে বের হয়ে নিজেস্ব পদ্ধতিতে ২০২৪-২৫ শিক্ষাবর্ষের ভর্তি পরীক্ষা নেয় কুমিল্লা বিশ্ববিদ্যালয়।